

‘ফ্যাসিবাদের দিন শেষ, মেধাবীরাই গড়বে বাংলাদেশ’



সদ্য তোলা  
দু'টি রঙিন পাসপোর্ট ছবি  
(১টি গাম দিয়ে লাগাবে,  
পিন ব্যবহার করবে না)

জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা

# আলোর মিছিল

২০২৫

## আবেদনপত্র

আমি, ২০২৫ইং সনে  এস.এস.সি / দাখিল / সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত বিশেষ যোগ্যতার অধিকারী হয়ে নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা **আলোর মিছিল** ২০২৫ অংশগ্রহণে ইচ্ছুক। আমার প্রয়োজনীয় তথ্যাদি প্রমাণসহ পেশ করলাম-

১. নাম

২. মাতা

পেশা

৩. পিতা

পেশা

৪. জাতীয়তা

৫. ধর্ম

৬. যোগাযোগ ঠিকানা

মোবাইল (What'sapp)

৭. শিক্ষা প্রতিষ্ঠান

৮. বিভাগ

৯. বোর্ড

১০. সাংস্কৃতিক/বিজ্ঞান-প্রযুক্তি/ক্রীড়া/স্কাউট/গার্লস গাইড/অন্য ক্ষেত্রে জাতীয় পর্যায়ে বিশেষ যোগ্যতা (প্রমাণসহ)

১১. প্রিয় ব্যক্তিত্ব

১২. শখ

১৩. ভবিষ্যৎ ইচ্ছা

১৪. প্রেসিডেন্ট জিয়াউর রহমান কত সালে দেশের মেধাবী শিক্ষার্থীদের নিয়ে হিজবুল বাহার জাহাজে শিক্ষা ভ্রমণ করেছিলেন ?

১৫. ড. মুহাম্মদ ইউনুস কোন বিষয়ে ও কত সালে নোবেল বিজয়ী হন ?





১৬. বাংলাদেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী’র নাম কি ?

১৭. আবু সাঈদ কত তারিখ ও কোথায় শহীদ হয়েছিল ?

১৮. শিশুদের জন্য নতুন বিশ্ব গড়তে তোমার শ্লোগান

১৯. মা পৃথিবীর শ্রেষ্ঠ শিক্ষক কেন ?

অধ্যক্ষ/প্রধান শিক্ষক স্বাক্ষর

অভিভাবক স্বাক্ষর

আবেদনকারী স্বাক্ষর

নিয়মাবলী-

- আবেদনপত্রে উল্লেখিত বিষয়ের সঠিক উত্তর, হাতের লেখা ও শিক্ষা ছাড়া বিশেষ যোগ্যতা মূল্যায়ন করে নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা **আলোর মিছিল** ২০২৫ এর জন্য সহস্রাধিক ছাত্র-ছাত্রী নির্বাচন করা হবে। নির্বাচিত শীর্ষ মেধাবীদের সঙ্গী হবেন দেশ-বিদেশের ২২টি সেক্টরের ২শতাধিক বরণ্য ব্যক্তিত্ব।
- নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা **আলোর মিছিল** ২০২৫ অনুষ্ঠানটি অত্যন্ত ব্যয়বহুল এবং একান্তই নির্বাচিত মেধাবী ছাত্র-ছাত্রীর। তাই কোন ছাত্র-ছাত্রীর অভিভাবক কিংবা অতিথি সঙ্গী হতে পারবে না।
- আবেদনপত্রটি নিজ হাতে পূরণ করে সদ্যতোলা ২কপি রঙিন (4.5X3.5) ছবি, প্রশংসাপত্র, মার্কশীট ও বিশেষ যোগ্যতা সনদের সত্যায়িত কপি এবং ফ্যাসিস্ট সরকার বিরোধী আন্দোলনে শহীদ পরিবারের ক্ষুদে শিক্ষার্থীদের লেখাপড়ার সাহায্যার্থে তোমার সামর্থানুযায়ী অর্থ সংযুক্ত/বিকাশ করে আবেদনপত্রটি ২৫ সেপ্টেম্বর ২০২৫ এর মধ্যে রেজিস্ট্রার ডাক/কুরিয়ার যোগে পাঠাতে হবে। তবে ১টি খামে এক/একাধিক ছাত্র-ছাত্রীর আবেদনপত্র পাঠানো যাবে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা-

বরাবর, আহ্বায়ক

১১তম **আলোর মিছিল** ২০২৫

৭০৩, দক্ষিণ শাহজাহানপুর, ঢাকা।

মোবাইল-০১৯৭৮৫২৭০৫১

অনুকূল আবহাওয়ায় ২০-৩০ ডিসেম্বর ২০২৫ (যে কোনো দিন) অনুষ্ঠিত ১১তম জাতীয় সংবর্ধনা **আলোর মিছিল** ২০২৫ অনুষ্ঠানে যা যা থাকবে- দেশের সর্ববৃহৎ জাহাজ পারাবাত-১৮ তে করে ঢাকার সদরঘাট থেকে সকাল ৭টায় বর্ণাঢ্য উদ্বোধনের মাধ্যমে যাত্রা শুরু হয়ে বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, মেঘনা ও পদ্মার নদীবক্ষে অনুষ্ঠিত হবে- নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকার, শিক্ষামূলক আলোচনা, ভাবের আদান-প্রদান, পুরস্কার ও সনদ বিতরণ, র্যাফেল ড্র এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। আরো থাকবে- পিকনিকের আমেজে সকাল, দুপুর ও বিকেলে আপ্যায়ন এবং একই স্থানে সন্ধ্যা ৮টায় ফিরে আসা।

তারিখঃ আগস্ট ২৪, ২০২৫

বরাবর

সম্মানিত প্রধান শিক্ষক

দিনাজপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়

গণেশতলা, দিনাজপুর-৫২০০


বিষয় : প্রেসিডেন্ট শহীদ জিয়াউর রহমান এর হিবুল বাহারের ধারাবাহিকতায় নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা হিবুল বাহার থেকে ‘আলোর মিছিল’ ২০২৫ এ অংশগ্রহণার্থে আপনার বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের মাঝে ‘আলোর মিছিল’ ২০২৫ আবেদনপত্র বিতরণ প্রসঙ্গে।

মেধাদীপ্ত বাংলাদেশ গড়তে দেশের শিক্ষার্থীদের উৎসাহিত করতে প্রেসিডেন্ট শহীদ জিয়াউর রহমান এর হিবুল বাহারের ধারাবাহিকতায় বাংলাদেশ জিয়া শিশু একাডেমী দীর্ঘ ১৪ বছর পর এবছর আয়োজন করতে যাচ্ছে ২০২৫ সনে দেশের ১১টি শিক্ষাবোর্ড থেকে এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের নিয়ে নৌ-বিহারে ১১তম জাতীয় সংবর্ধনা হিবুল বাহার থেকে ‘আলোর মিছিল’ ২০২৫।

দেশের সর্ববৃহৎ জাহাজ পারাবত-১৮তে করে এই নৌ-বিহার ১১তম জাতীয় সংবর্ধনা হিবুল বাহার থেকে ‘আলোর মিছিল’ ২০২৫ আগামী ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে। ‘আলোর মিছিল’ ২০২৫ এর নেতৃত্ব দিবেন- একাডেমীর পৃষ্ঠপোষক ও বিএনপি’র মহাসচিব জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং প্রধান অতিথি হিসেবে একাডেমীর প্রধান পৃষ্ঠপোষক ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান উপস্থিত থাকবেন বলে আশা রাখি। ‘আলোর মিছিল’ ২০২৫ অনুষ্ঠানমালায় থাকবে- পুরস্কার ও সনদ বিতরণ, দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিদের সাথে ভাব-বিনিময়, মেধাদীপ্ত বাংলাদেশ গড়ার অঙ্গীকার, পিকনিকের আমেজে খাওয়া-দাওয়া, ফটোসেশন এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

অতএব, আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থী, যাদের রয়েছে শিক্ষা ছাড়াও সাংস্কৃতিক, বিজ্ঞান- প্রযুক্তি, ক্রীড়া, স্কাউট ও গার্লস গাইডসহ অন্যান্য ক্ষেত্রে বিশেষ যোগ্যতা, সেসকল মেধাবীদের মাঝে ‘আলোর মিছিল’ ২০২৫ অংশগ্রহণার্থে ১০ সেপ্টেম্বরের মধ্যে আবেদনপত্রগুলো বিতরণের জন্য অনুরোধ জানাচ্ছি। আপনার সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

অনুরোধক্রমে -

  
(সামিন্দা আখতার)

পরিচালক

ফোন-০১৯৭৮৫২৭০৫১

সংযুক্তঃ ‘আলোর মিছিল’ ২০২৫ এর আবেদনপত্র।